**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date : 02-03-2025**
**Time: 07.35-07.40 AM Hrs**
**BENGALI MORNING BULLETIN**

---

**CM-Auxiliary Production Centre :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা গতকাল বিশালগড়ের পূর্ব লক্ষীবিলে আর্টিফিসিয়াল লিম্বস ম্যানুফ্যাকচারিং কর্পোরেশন অফ ইন্ডিয়া, ALIMCO-র অক্সিলিয়ারি প্রোডাকশন সেন্টার বা সহায়ক উৎপাদন কেন্দ্রের ভূমিপুজন ও ভিত্তিপ্রস্তর স্থাপন করেন| অনুষ্ঠানে তিনি বলেন, "প্রতিবন্ধী ব্যক্তি এবং প্রবীণ নাগরিকদের ক্ষমতায়নের জন্য ত্রিপুরায় এলিমকোর এই সহায়ক উৎপাদন কেন্দ্র স্থাপনের উদ্যোগ রাজ্যের জন্য একটি মাইলফলক। এই উদ্যোগটি কেবল সহায়ক সরঞ্জামগুলির দ্রুত সরবরাহই নিশ্চিত করবে না, পাশাপাশি নতুন কর্মসংস্থানের সুযোগও তৈরি করবে|

অনুষ্ঠানে, কেন্দ্রীয় সামাজিক ন্যায়বিচার ও ক্ষমতায়ন প্রতিমন্ত্রী বি এল ভার্মা বলেছেন," প্রধানমন্ত্রীর নেতৃত্বে ভারত সরকার, দিব্যাঙ্গদের জন্য সহজলভ্যতা এবং অন্তর্ভুক্তি বাড়াতে অঙ্গীকারবদ্ধ। ত্রিপুরায় এলিমকো-র সহায়ক উৎপাদন কেন্দ্রটি মডেল কেন্দ্র হিসাবে প্রতিষ্ঠিত হবে।

**********************

**PM :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন যে বিশ্ব একবিংশ শতাব্দীর ভারতের দিকে অধীর আগ্রহে তাকিয়ে আছে। গতকাল নতুনদিল্লির ভারত মণ্ডপমে NXT কনক্লেভ ২০২৫-এ ভাষণ দিতে গিয়ে শ্রী মোদী বলেন যে, বিশ্বজুড়ে মানুষ এই

দেশটিকে জানতে ভারতে আসতে চায়। তিনি বলেন, প্রয়াগরাজে সমাপ্ত ঐক্যের সঙ্গমস্থল মহাকুম্ভ সমগ্র বিশ্বকে অবাক করে দিয়েছে যে কীভাবে কোটি কোটি মানুষ নদীর তীরে অবস্থিত একটি অস্থায়ী শহরে পবিত্র স্নান করেন।

*********************

**CM:**

প্রদেশ বিজেপির উদ্যোগে বর্তমান রাজ্য সরকারের দ্বিতীয় বর্ষপূর্তি উদযাপন করা হবে| আগামী ৮ই মার্চ বর্তমান সরকারের দ্বিতীয় বর্ষপূর্তি| মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাক্তার মানিক সাহা জানিয়েছেন, গতকাল আগরতলায় প্রদেশ বিজেপি কর্যালয়ে দলীয় বৈঠকে সিদ্ধান্ত নেওয়া হয় দ্বিতীয় বর্ষপূর্তি উদযাপন উপলক্ষে আগামী ৯ই মার্চ স্বামী বিবেকানন্দ ময়দানে জনসভার আয়োজন করা হবে।

গতকালের বৈঠকে উপস্থিত ছিলেন প্রদেশ বিজেপি সভাপতি রাজীব ভট্টাচার্য, বিদ্যুৎমন্ত্রী রতনলাল নাথ, অর্থমন্ত্রী প্রণজিৎ সিংহ রায়, উপজাতি কল্যান মন্ত্রী বিকাশ দেববর্মা, বিধায়ক দীপক মজুমদার সহ অন্যরা। বৈঠকে সাংগঠনিক বিষয়েও আলোচনা হয়েছে বলে জানান মুখ্যমন্ত্রী।

*********************

**SDM office C.M:**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন, চলতি রাজ্য বাজেটে রাজ্যের পরিকাঠামো উন্নয়নে ৭000 কোটি টাকার সংস্থান রাখা হয়েছে। এই টাকায় রাজ্যে বিভিন্ন উন্নয়ন কাজ এগিয়ে চলছে। রাজ্যের সর্বত্র উন্নয়ন কর্মধারা চলছে। গতকাল বিকেলে আগরতলায় সদর মহকুমা শাসকের নতুন বহুতল ভবনের ভিত্তি প্রস্তর উন্মোচন ও ভুমিপূজার অনুষ্ঠানে প্রধান অতিথির ভাষনে মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা একথা বলেন। তিনি বলেন, প্রধানমন্ত্রী

নরেন্দ্র মোদী আমাদের HIRA মডেল দিয়েছেন। এই হিরা মডেলে আগরতলায় আন্তর্জাতিক বিমানবন্দর হয়েছে, চেষ্টা চলছে আন্তর্জাতিক উড়ানের। রেল সংযোগ বেড়েছে। আগরতলা থেকে “বন্দে ভারত” এবং গুয়াহাটি পর্যন্ত ইন্টারসিটি এক্সপ্রেস ট্রেন চলাচলের উদ্যোগ নিয়েছে রেল মন্ত্রক। রাজ্যে ৮৩৯ কিলো মিটার দীর্ঘ জাতিয় সড়ক নির্মানের লক্ষ্য মাত্রা নেওয়া হয়েছে, কমলপুর-আমবাসা হয়ে ডম্বুর পর্যন্ত একটি সড়ক নির্মানের বিষয়ে পরিকল্পনা চলছে, বাধারঘাটে প্রধানমন্ত্রীর স্বপ্নের পরিযোজনা একতা মল ইউনিটি গড়ে তোলা হচ্ছে, মুখ্যমন্ত্রী স্যাটেলাইট টাউন প্রকল্প নেওয়া হয়েছে। মুখ্যমন্ত্রী আরও বলেন, এশিয় উন্নয়ন ব্যাংকের আর্থিক সহায়তা রাজ্যে ১২ টি পুর এলাকায় পানীয়জল সরবরাহ ব্যবস্থা গড়ে তোলার কাজ শুরু হয়েছে, এক ছাদের তলায় সব প্রশাসনিক সুবিধা প্রদানে আগরতলার গুর্খাবস্তিতে ১৪ তলা বিশিষ্ট অফিস বাড়ি নির্মানের কাজ শুরু হয়েছে। অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন রাজস্ব সচিব বৃজেশ পান্ডে, পশ্চিম জেলার জেলা শাসক ডাঃ বিশাল কুমার প্রমুখ|

**********************

**PM Janaoushadhi :**

কেন্দ্রীয় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রী জগৎ প্রকাশ নাড্ডা এবং এই দপ্তরের প্রতিমন্ত্রী অনুপ্রিয়া প্যাটেল গতকাল নতুন দিল্লিতে প্রধানমন্ত্রী ভারতীয় জনঔষধি পরিযোজনার রথ এবং আরও দশটি যানবাহনের সূচনা করেছেন। গতকাল থেকে ৭ মার্চ পর্যন্ত জনঔষধি জন চেতনা সপ্তাহের আয়োজন করা হয়েছে। এই মাসের ৭ তারিখে জনঔষধি দিবস পালিত হবে। অনুষ্ঠানে শ্রী নাড্ডা সকলকে প্রধানমন্ত্রী ভারতীয় জনঔষধি পরিযোজনাকে একটি জনআন্দোলন হিসেবে গড়ে তোলার আহ্বান জানান।

**********************

**Finance Minister :**

অর্থমন্ত্রী প্রণজিৎ সিংহ রায় সমস্ত মহিলাদের স্ব-সহায়ক দলে যুক্ত হবার আহ্বান জানিয়েছেন| গতকাল আগরতলা টাউন হলে স্বসহায়ক দলের মহিলাদের সশক্তিকরণের লক্ষ্যে পাঞ্জাব ন্যাশনাল ব্যাঙ্কের এগ্রি আউটরিচ অনুষ্ঠানের উদ্বোধন করে তিনি এই আহ্বান জানান| তিনি বলেন, মহিলাদের স্বরোজগারীর ও সশক্তিকরণ ছাড়া দেশের সামগ্রিক উন্নয়ন সম্ভব নয়। অনুষ্ঠানে ব্যাঙ্কের পক্ষ থেকে ৩৫টি মহিলা স্বসহায়ক দলকে ২ কোটি ৩০ লক্ষ টাকার চেক দেওয়া হয়। আজ দেশের ১৩৮টি স্থানে এরূপ অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে।

**********************

**Skil & Enterprenruship Center :**

শিল্প ও বাণিজ্য মন্ত্রী সান্তনা চাকমা বলেছেন কেন্দ্র ও রাজ্য সরকার মহিলাদের আত্মনির্ভর করার লক্ষ্যে নানা উদ্যোগ গ্রহণ করেছে। গতকাল আগরতলার ইন্দ্রনগরে মহিলা আই.টি.আই-এ স্কিল অ্যান্ড এন্টারপ্রেনারশিপ সেন্টারের উদ্বোধন করে একথা বলেন। অনুষ্ঠানে শিল্প ও বাণিজ্য দপ্তরের অধিকর্তা বিশ্বেশ্বর বি এই সেন্টারে কি কি বিষয়ে প্রশিক্ষণ দেওয়া হবে তা বিস্তারিত উল্লেখ করেন|

**********************

**Talent Search Sports :**

যুব বিষয়ক ও ক্রীড়া দপ্তরের উদ্যোগে গতকাল উদয়পুরে স্পোর্টস কমপ্লেক্স মাঠে উদয়পুর মহকুমা ভিত্তিক ক্রীড়া অন্বেষণ প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়| এতে মহকুমার চারটি ব্লক ও উদয়পুর পুর পরিষদের ৫২০ জন খেলোয়াড় অংশ নেয়| উদ্বোধন করেন গোমতি জিলা পরিষদের সভাধিপতি দেবল দেবরায়| আগামী

৫ই মার্চ গোমতি স্পোর্টস কমপ্লেক্স মাঠে অনুষ্ঠিত হবে গোমতি জেলাভিত্তিক ক্রীড়া অন্বেষণ প্রতিযোগিতা| এই আসরে তিন মহকুমা উদয়পুর, অমরপুর ও করবুক মহকুমা থেকে ১০৪ জন করে মোট ৪১৬ জন খেলোয়াড় অংশ গ্রহণ করবে|

**********************

**Weather:**

আজ দুপুর পর্যন্ত আবহাওয়ার পূর্বাভাসে জানানো হয়েছে আকাশ অংশত মেঘলা থাকবে। সকালের দিকে হালকা কুয়াশা ছিল। আগরতলায় আজ ভোরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২২ ডিগ্রি সেলসিয়াস। দিনের সর্বোচ্চ তাপমাত্রা থাকবে ৩৩ ডিগ্রির কাছাকাছি।

**********************

**********************